

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৮

১/ পবিত্রতা রাসূলুল্লাহ الله عن رسول الله عن رسول الله عن رسول الله كالله عن رسول الله عن رسول الله

পরিচ্ছেদঃ ১০৪. কাপড় হতে হায়িযের রক্ত ধুয়ে ফেলা

# باب مَا جَاءَ فِي غَسْلِ دَمِ الْحَيْضِ مِنَ الثَّوْبِ

#### আরবী

حَدَّثَنَا الْبُنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُينْنَةَ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ فَاطِمَةَ بِنْتِ الْمُنْذِرِ، عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ، أَنَّ امْرَأَةً، سَأَلَتِ النَّبِيَّ صلى الله عليه وسلم عَنِ الْمُنْذِرِ، عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ، أَنَّ امْرَأَةً، سَأَلَتِ النَّبِيَّ صلى الله عليه وسلم " حُتِيهِ ثُمَّ الْتُوْبِ يُصِيبُهُ الدَّمُ مِنَ الْحَيْضَةِ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " حُتِيهِ ثُمَّ اقْرُصِيهِ بِالْمَاءِ ثُمَّ رُشِيهِ وَصَلِّي فِيهِ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَأُمْ قَيْسٍ بِنْتِ مِحْصَنِ . قَالَ أَبُو عِيسَى حَديثُ أَسْمَاءَ فِي غَسْلِ الدَّمِ حَديثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَد اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ مِنَ الْعَلْمِ فِي الدَّمِ يَكُونُ عَلَى الثَّوْبِ فَيُصَلِّي فِيهِ قَبْلَ أَنْ يَغْسِلَهُ قَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنَ التَّابِعِينَ إِذَا كَانَ الدَّمُ مَوْدَارَ الدِّرْهَمِ فَلَمْ يَغْسِلْهُ وَصَلَّى فِيهِ أَعَادَ الصَّلاَةَ . وَهُو قَوْلُ سُفْيَانَ الْعُلْمِ مِنَ التَّابِعِينَ وَغَيْرِهِمْ عَلَيْهِ الإِعَادَة وَقَالَ الشَّافِعِيُّ يَجِبُ عَلَيْهِ الْإِعْادَة وَإِنْ كَانَ أَكْثَرَ مِنْ قَدْرِ الدِّرْهَمِ وَشَدَّدُ وَإِسْحَاقُ . وَقَالَ الشَّافِعِيُّ يَجِبُ عَلَيْهِ الْإِعْادَة وَإِنْ كَانَ أَكْثَرَ مِنْ قَدْرِ الدِّرْهَمِ وَشَدَّدُ وَإِسْحَاقُ . وَقَالَ الشَّافِعِيُّ يَجِبُ عَلَيْهِ الْعِلْمِ وَلَا السَّافِعِيُّ يَجِبُ عَلَيْهِ الْعَلْمُ وَإِنْ كَانَ أَقُلُ الْعِلْمُ مِنْ التَّابِعِينَ وَغَيْرِهِمْ عَلَيْهِ الْإِعَادَة وَإِنْ كَانَ أَقْلَ السَّافِعِيُّ يَجِبُ عَلَيْهِ الْعَلْمُ وَيَا لَاسَّافِعِيُّ يَجِبُ عَلَيْهِ الْعَلْسُ وَإِنْ كَانَ أَقَلَ السَّافِعِيُّ يَجِبُ عَلَيْهِ وَلَالْ فِي ذَلِكَ .

#### বাংলা

১৩৮। আসমা বিনতু আবী বাকার সিদীক (রাঃ) হতে বর্ণিত আছে, এক মহিলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট হায়িযের রক্ত 🗆 লাগা কাপড়ের বিধান সম্পর্কে প্রশ্ন করলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আঙ্গুল দিয়ে খুঁটে খুঁটে তা তুলে ফেল, অতঃপর পানি দিয়ে তা আংগুলের মাধ্যমে মলে নাও, অতঃপর তাতে পানি গড়িয়ে দাও, অতঃপর তা পরে নামায আদায় কর। —সহীহ। ইবনু মাজাহ– (৬২৯), বুখারী ও মুসলিম।

এ অনুচ্ছেদে আবু হুরাইরা ও উম্মু কাইস (রাঃ)-এর হাদীসও রয়েছে। আবু ঈসা বলেন, আসমা (রহঃ)-এর এ



হাদীসটি হাসান সহীহ। কাপড়ে হায়িযের রক্ত লেগে গেলে তা না ধুয়ে নামায আদায় করা যাবে কি-না এ ব্যাপারে বিদ্বানদের মধ্যে মতের অমিল রয়েছে। তাবিঈদের মধ্যে কিছু বিশেষজ্ঞ বলেছেন, যদি কাপড়ের রক্ত এক দিরহাম পরিমাণ হয় এবং তা না ধুয়ে ঐ কাপড় পরেই নামায আদায় করা হয় তাহলে আবার নামায আদায় করতে হবে। অপর দল বলেছেন, রক্তের পরিমাণ এক দিরহামের বেশি হলেই আবার নামায আদায় করতে হবে। সুফিয়ান সাওরী, ও ইবনুল মুবারাক একথা বলেছেন। কিছু সংখ্যক তাবেঈ এবং আহমাদ ও ইসহাকের মতে রক্তের পরিমাণ এক দিরহামের বেশি হলেও নতুন করে নামায আদায় করতে হবে না। ইমাম শাফিঈর মতে, কাপড়ে এক দিরহামের কম পরিমাণ রক্ত লাগলেও তা ধুয়ে নেয়া ওয়াজিব। তিনি এ ব্যাপারে কঠোরতা অবলম্বন করেছেন।

### **English**

Asma' bint Abu Bakr narrated that:

a woman asked the Prophet about a garment that was touched by some menstrual blood. So Allah's Messenger said: "Remove it, and scrub it, then rinse it and pray in it"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু আবৃ বাকর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন